**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/14/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভাইভর জাস্টিস অ্যাক্ট (DOMESTIC VIOLENCE SURVIVORS JUSTICE ACT, DVSJA) স্বাক্ষর করছেন

## *গভর্নরের 2019 উওমেন্স জাস্টিস এজেন্ডার মূল অংশ:*

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভাইভর্স জাস্টিস অ্যাক্ট (S.1077 / A.3974) স্বাক্ষর করেন, এটি একটি বিল যা অপরাধমূলক বিচার ব্যবস্থায় গার্হস্থ্য হিংসার শিকারদের আরো অর্থপূর্ণ দন্ড হ্রাস করার ব্যবস্থা বিধিবদ্ধ করে এবং গভর্নরের 2019 উওমেন্স জাস্টিস এজেন্ডার একটি মূল উদ্যোগ। বর্তমান আইন বিচারকদের অনির্দিষ্ট দন্ড প্রদানের অনুমতি দেয় গার্হস্থ্য সহিংসতার শিকারদের যারা শুধু কিছু নির্দিষ্ট পরিস্থিতিতে শুধু তাদের অত্যাচারির উদ্দেশ্যে অপরাধ সংগঠিত করেছেন। ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভাইভর জাস্টিস অ্যাক্ট এই আইনটিকে আরো বলবত করবে নির্যাতনকারীর দ্বারা বলপ্রয়োগের কারণে করা অপরাধ যোগ করে, আর তার সাথে নির্যাতনকারীর বিরুদ্ধে বা তার প্ররোচনায় সংঘটিত অপরাধ যোগ করে যিনি শিকারের সাথে একই গৃহস্থালিতে বা পরিবারে থাকেন না - যার ফলে, সেই সব মানুষ যারা গার্হস্থ্য ও যৌন নির্যাতনের শিকার, তাদের আরও নির্যাতনের হাত থেকে সুরক্ষিত করবে।

"বেশিরভাগ বন্দী নারীর শারীরিক বা যৌন সহিংসতা তাদের জীবনকালে অভিজ্ঞতা করেছেন, এবং প্রায়ই এই মহিলারাই কারারুদ্ধ হন কারণ তারা নিজেদেরকে একজন নির্যাতনকারীর হাত থেকে রক্ষা করছেন", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের 2019 সালের উওমেন্স জাস্টিস এজেন্ডার এই গুরুত্বপূর্ণ অংশটি স্বাক্ষর করে, আমরা নিশ্চিত করতে পারি যে ফৌজদারি বিচার ব্যবস্থা সেই বাস্তবতা বিবেচনা করে এবং দুর্বল নিউ ইয়র্কবাসীদের ক্ষমতায়ন করে, তাদের শুধু তাদের কারাগারে নিক্ষেপ না করে।"

"আমার মা গার্হ্যস্থ সহিংসতার ক্ষতিগ্রস্তদের সাহায্য করার জন্য তার জীবন নিবেদিত করেছিলেন, এবং জনগণের সেবার সময় তার সেই কাজ আমাকে অনুপ্রাণিত করেছে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই নতুন আইনটি আমাদের ফৌজদারি বিচার ব্যবস্থায় এক উল্লেখযোগ্য সংস্কার এবং নিশ্চিত করবে যে ক্ষতিগ্রস্থদের নির্যাতন থেকে নিজেকে রক্ষা করার জন্য যেন কঠোর শাস্তি না পেতে হয়। উওমেন্স জাস্টিস এজেন্ডার আরেকটি অপরিহার্য অংশ বিধিবদ্ধ হওয়ার সাথে, নিউ ইয়র্ক সব চেয়ে দুর্বলদের রক্ষা করে এবং আমাদের সমাজকে শক্তিশালী করার পথে নেতৃত্ব প্রদান করা অব্যাহত রেখেছে।"

"গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক দেশের সব চেয়ে শক্তিশালী অ্যান্টি হ্যারাসমেন্ট এবং নারীর সমতার আইনগুলিকে অগ্রসর করছে যা বাকি দেশের জন্য অনুসরণ করার মত একটি মডেল হিসাবে কাজ করা উচিত", **গভর্নরের সেক্রেটারি এবং দি নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন উইমেন এন্ড গার্লস(New York State Council on Women and Girls)-এর সভাপতি মেলিসা ডিরোজা বলেন,** "আজকে নারীরা এমন এক ফেডারেল সরকারের বিরুদ্ধে লড়ছেন যারা সক্রিয়ভাবে মহিলাদের থেকে তাদের অধিকার কেড়ে নেবার জন্য প্রচার চালাচ্ছে, যা অর্জনের জন্য তারা কঠিন লড়াই করেছেন, কিন্তু নিউ ইয়র্ক স্টেটে আমরা সক্রিয়ভাবে এই অধিকারগুলি রক্ষা এবং প্রসারিত করছি। ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভাইভর্স জাস্টিস অ্যাক্ট এখন আইন হিসেবে স্বাক্ষরিত হওয়ায়, আমরা ন্যায্য ও সঠিক নিউ ইয়র্কের উদ্দেশ্যে আরেকটি পদক্ষেপ নিয়েছি।"

**সিনেটর রোক্সান জে. পারসোড বলেন,** "প্রায়শই গার্হস্থ সহিংসতার শিকার ব্যক্তিরা নিজেদের বা তাদের পরিবারকে রক্ষা করার জন্য আমাদের ফৌজদারী বিচার ব্যবস্থার হাতে শাস্তি পান, যার ফলে তাদের অন্যায্য কারাবাসের দন্ড ভোগ করতে হয়। এই সাহসী শিকাররা অন্যায্য কারাবাসের পরিবর্তে সমর্থন এবং তাদের জীবন পুনর্নির্মাণের ক্ষমতা প্রদান করা উচিৎ। ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভাইভর্স জাস্টিস অ্যাক্ট শেষ পর্যন্ত এই ভুলটি সংশোধন করবে, যার জন্য আমি দৃঢ়ভাবে এই বিলটির জন্য লড়াই করেছি এবৃষ্ঠপোষকতা করেছি। আজ এটি আইন হিসেবে প্রণয়নের জন্য আমি গভর্নর কুওমোর প্রশংসা করছি।"

**অ্যাসেম্বলি সদস্য জেফেরিয়ন এল অব্রে বলেন,** "আমি DV সার্ভাইভার্স জাস্টিস অ্যাক্টের পৃষ্ঠপোষক হতে পেরে গর্বিত, যা নির্যাতনের সাথে সরাসরি যুক্ত অপরাধের জন্য দোষী সাব্যস্ত গার্হস্থ্য সহিংসতার শিকারদের ক্ষেত্রে বিচারবিভাগীয় বিবেচনার ক্ষমতাকে প্রসারিত করে। আজ গভর্নর কুওমো এই বিলটি স্বাক্ষর করে আইন হিসেবে প্রণয়ন করে গার্হস্থ্য হিংসার শিকারদের ন্যায়বিচার প্রদান করতেসাহায্য করেছেন। প্রায়শই, যখন একজন শিকার নিজেকে রক্ষা করার জন্য কাজ করেন, তখন তিনি সমবেদনা ও সহায়তার পরিবর্তে শাস্তি ও কারাবাস পান। DV সার্ভাইভর্স অ্যাক্ট আমাদের রাজ্যের অপরাধী হিসেবে অভিযুক্ত গার্হস্থ্য হিংসার শিকারদের মর্যাদা ফিরিয়ে দিতে এবং ন্যায়বিচার প্রদান করতে এই বিবেকবর্জিত অবস্থা পরিবর্তন করার জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে।"

**নিউইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি পুনর্নবীকরণ (New York State Homes and Community Renewal) নীতি ও কমিউনিটি বিষয়ক বিশেষ উপদেষ্টা, এবং প্রাক্তন সিনেটর এবং বিলের পৃষ্ঠপোষক রুথ হ্যাসেল-থম্পসন বলেন,** "আমরা খুব কমই আমাদের বপন করা বীজের ছায়া উপভোগ করতে পারি। ডোমেস্টিক ভায়োলেন্স সারভাইভার্স জাস্টিস অ্যাক্টকে স্বাক্ষর করে আইন হিসেবে প্রণয়ন করার জন্য আপনাকে ধন্যবাদ গভর্নর কুওমো। এটি সামাজিক ও ফৌজদারী বিচার সংস্কারের জন্য উত্সর্গিত এক দল মানুষের অঙ্গিকারবদ্ধতার প্রতিনিধিত্ব করে।"

**কনি নিল, নিউ ইয়র্ক স্টেট কোয়ালিশন এগেইন্সট ডোমেস্টিক ভায়োলেন্সের (New York State Coalition Against Domestic Violence) এক্সিকিউটিভ ডিরেক্টর, বলেন,** "আজকে, যখন ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভাইভর্স অ্যাক্ট নিউ ইয়র্কে আইন হিসেবে প্রণয়ন করা হচ্ছে, ১৯৮০-র দশকে সিস্টার মেরি নার্নের যুগান্তকারী কাজের কথা মনে পড়ে, যিনি শিকারদের জন্য গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করা শুরু করেন, নির্যাতনকারীর হাত থেকে থেকে নিজেকে রক্ষা করে কারারুদ্ধ

শিকারদের সহ। এই আইনটি তার কাজের উপর ভিত্তি করে তৈরি, যা এখন অগণিত শিকার সংক্রান্ত আইনজীবী মানেন। এই গুরুত্বপূর্ন বিধিটি আইন হয়ে ওঠা নিশ্চিত করার জন্য আমরা গভর্নর কুওমো, সংসদ সদস্য অব্রে, সিনেটর পারসোড এবং আইনসভাকে ধন্যবাদ জানাই।"

**টামার ক্রাফ্ট-স্টোলার ও জয়া ভাসান্দানি, মহিলা ও বিচার প্রকল্পের (Women & Justice Project) সহ-পরিচালক বলেন,** "এই বিজয়টি অনেকের কঠোর পরিশ্রমের ফল, বিশেষ করে বর্তমান এবং পূর্বে বন্দী শিকারদের সমর্থকদের, যাদের নেতৃত্ব এবং দক্ষতা প্রথম দিন থেকে ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভাইভর জাস্টিস অ্যাক্ট-র প্রচারণাকে পথ প্রদর্শন করেছিল। কোয়ালিশন অফ উওমেন প্রিজনার্সের (Coalition for Women Prisoners) সাথে এই প্রচারাভিযানে কাজ করতে পেরে আমরা গর্বিত, যারা দেয়ালের উভয় পাশে শিকার, এবং শত শত ব্যক্তি ও সংগঠনদের সাথে যারা এই বিলটির সমর্থনে একত্রিত হয়েছিল রাজ্য জুড়ে। এই গুরুত্বপূর্ণ আইন প্রণয়নের জন্য আমরা গভর্নরকে ধন্যবাদ জানাই এবং আমরা এই বিলটির প্রতি অনলস প্রচেষ্টার জন্য স্পনসর অ্যাসেম্বি সদস্য জেফ্রিয়ন অব্রে এবং সিনেটর রোক্সান পারসোড এবং প্রাক্তন সিনেট পৃষ্ঠপোষক রুথ হ্যাসেল-থম্পসনের প্রশংসা করি। অনেক কাজ এখনও করা বাকি, কিন্তু ডিভি সার্ভাইভর্স জাস্টিস অ্যাক্ট আমাদের অপরাধীকৃত শিকারদের জন্য ন্যায়বিচারের প্রদানের জন্য এবং সকলের জন্য ব্যাপক কারাবসের অবসান ঘটানোর পথে আরেকটি গুরুত্বপূর্ন ধাপ অগ্রসর করল।"

এই বিল বিচারকদের কারাবাসের দন্ড হ্রাস করতে এবং দন্ড কারাবাস থেকে সমাজভিত্তিক প্রোগ্রামগুলিতে পুনঃনির্দেশিত করার অনুমতি দেবে, যা শিকারদের পুনর্বাসনের ক্ষেত্রে আরো কার্যকর বলে প্রমাণিত হয়েছে। ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভাইভরস জাস্টিস অ্যাক্ট বর্তমান অবরুদ্ধ শিকারের এক ছোট অংশকে পুনরায় দন্ডাদেশের জন্য এবং যথাসময়ের পূর্বে মুক্তি পাওয়ার জন্য আবেদন করতে দেবে তাদের পূর্ববর্তী নিগ্রহের পরিপ্রেক্ষিতে।

গার্হস্থ্য সহিংসতা এবং কারাবাসের হার গভীরভাবে যুক্ত, কারণ 90 শতাংশেরও বেশি বন্দি নারীরা তাদের জীবনকালের মধ্যে শারীরিক বা যৌন সহিংসতার অভিজ্ঞতা করেছেন। এই কথা বুঝে যে অনেক নারীর কারাবাস হয়েছে নির্যাতনকারীদের বিরুদ্ধে নিজেদেরকে রক্ষা করার জন্য বা তাদের নির্যাতনকারীরা বলপূর্বক অবৈধ কার্যকলাপে নিয়োজিত করা হয়েছে, ডোমেস্টিক ভায়োলেন্স সার্ভাইভর জাস্টিস অ্যাক্ট সহিংসতা ও কারাবাসের এই চক্রটি শেষ করার আরেকটি পদক্ষেপ, এবং নির্যাতনকারীর উপর ভারবহনের দায় স্থাপন করে, নির্যাতিতের বদলে।

তার প্রশাসনের সম্পূর্ণ সময় জুড়ে গভর্নর কুওমো নারী সমতা ও ফৌজদারী বিচারের উদ্যোগগুলির পক্ষ সমর্থন করেছেন। গভর্নর এম. কুওমো, হেট ক্রাইম এবং গার্হস্থ সহিংসতার সাথে প্রায়শই যুক্ত থাকা অন্যান্য নির্দীষ্ট কয়েকটি অপরাধের ক্ষতিগ্রস্ত যারা অপরাধের সময় শারীরিক আঘাত পাননি, তাদের সহায়তা প্রসারণের আইন এখন কার্যকর হওয়ার কথা আগে এই বছর ঘোষণা করেছেন। 2018 সালে, গভর্নর এমন আইন স্বাক্ষর করেছিলেন, যা গার্হস্থ নির্যাতনকারীদের কাছ থেকে, হ্যান্ডগান এবং দীর্ঘ বন্দুক, উভয়ই সরিয়ে দেয়।

\###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন